

**সুমিতমো করপোরেশন
 বৃত্তি পেলেন ঢাবির
 ৪০ শিক্ষার্থী**

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক
 ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) বিভিন্ন
 শিক্ষাবর্ষে স্নাতক সন্থান শ্রেণীতে
 অধ্যয়নরত ৪০ মেধাবী শিক্ষার্থীকে
 জাপানের সুমিতমো করপোরেশন বৃত্তি
 প্রদান করা হয়েছে। গতকাল বুধবার
 প্রশাসনিক ভবনের পুরনো সিনেট কক্ষে
 আয়োজিত এক বর্ণাঢ্য অনুষ্ঠানে কৃতী
 শিক্ষার্থীদের এ বৃত্তি প্রদান করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য
 অধ্যাপক ড. আ. আ. ম. স. আরেফিন
 সিদ্ধিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত
 থেকে শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক
 তুলে দেন। ঢাকার জাপানি দূতাবাসের
 মিনিস্টার হিরোওকি মিনামি, সুমিতমো
 করপোরেশনের জেনারেল ম্যানেজার
 হিরোওকি ওডাবে এবং করপোরেশনের
 সিএসআর প্রতিনিধি হিরোকি কানাই
 সুমিতমো করপোরেশনের ডেপুটি
 জেনারেল ম্যানেজার আঙ্গী এরশাদ
 ঢাবির উপ-রেজিস্ট্রার জীবন কুমার মিত্র
 প্রমুখ উপস্থিত ছিলেন।